ভোরের কাগজ 321 351

তারিখ ... NOV 16 1999 ...
পৃষ্ঠা ২৭ কলাম ১ ...

# নান্দাইল শহীদ স্মৃতি কলেজ ছাত্র সংসদ নির্বাচন ১৮ নভেম্বর

নান্দাইল প্রতিনিধি : নান্দাইল শহীদ স্মৃতি আদর্শ ডিগ্রি কলেজ ছাত্র সংসদের নির্বাচন আগামী ১৬ নভেম্বরের পরিবর্তে ১৮ নভেম্বর অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশনার অনিবার্য কারণ দেখিয়ে নির্বাচনের তারিখ পরিদর্শন করেছেন।

নির্বাচন কমিশনার সূত্রে জানা যায়, মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ মুহূর্ত পর্যন্ত দাখিলকৃত পাঁচটি প্যানেলই বহাল রয়েছে। ছাত্রলীগ (বা-অ) মনোনীত 'নাজিমউল্লাহ-রঞ্জন' পরিষদ ২১টি পদেই প্রার্থী দিয়েছে। এ প্যানেল থেকে ভিপি পদে মনোনয়ন না পেয়ে নূরুজ্জামান ভুঁইয়া এ পদে স্বতন্ত্র প্রার্থী হয়েছেন। অন্যদিকে ছাত্রলীগের বিদ্রোহী গ্রুপ বলে পরিচিত 'মামুন-লিটন' পরিষদ ১১টি পদে প্রার্থী দিয়ে প্রতিদ্বন্দ্বিতায় নেমেছে। এ তিনটি প্যানেলের পোস্টারেই বঙ্গবন্ধু ও বর্তমান প্রধানমন্ত্রীর ছবি ছাপানো হয়েছে। ছাত্রদল 'ফেরদৌস-মিজান' পরিষদ ২০টি পদে এবং ছাত্রসমাজ 'শরীফ-ফরিদ' পরিষদ প্রধান চারটি পদে প্রার্থী দিয়ে সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে।

পৃথক পৃথক সাক্ষাৎকারে ছাত্রলীগের ভিপি প্রার্থী মোঃ নাজিমউল্লাহ লিটন বলেন, নান্দাইল কলেজকে সন্ত্রাসমুক্ত করা তার প্রধান উদ্দেশ্য। নির্বাচিত হলে শিক্ষার মান উন্নয়ন ও কলেজটিতে অনার্সসহ মাস্টারস কোর্স চালুর জন্য আপ্রাণ চেষ্টা করবেন তিনি।

ভিপি পদে স্বতন্ত্র প্রার্থী মোঃ নূরুজ্জামান ভুঁইয়া পল্লব বলেন, ছাত্রছাত্রীদের লেখাপড়ার সুব্যবস্থা করা, মাদকাসক্ত ছাত্রদের সুস্থ জীবনে ফিরিয়ে আনা তার প্রধান অঙ্গীকার। বিজয়ী হলে কলেজ সরকারিকরণের ব্যাপারে সচেষ্ট থাকবো। ছাত্রলীগের বিদ্রোহী গ্রুপের প্রার্থী মোঃ মাহমুদুর রহমান মান্না (মামুন) বলেন, প্রতিশ্রুতির চেয়ে তিনি বাস্তবমুখী কর্মে বিশ্বাসী। ছাত্রছাত্রী ও কলেজের সার্বিক কল্যাণে তার ভূমিকা সর্বদাই সোচ্চার থাকবে।

ছাত্রদলের মোঃ আকরাম হোসেন ফেরদৌস বলেন, তিনি গরিব ও মেধাবী ছাত্রছাত্রীদের বিনা বেতনে পড়ার সুযোগ সৃষ্টি করতে চেষ্টা করবেন। ছাত্রসমাজের মোঃ রেজাউল করিম ভুঁইয়া শরীফ বলেন, সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গনসহ লেখাপড়ার সার্বিক উন্নয়নে তিনি সচেষ্ট থাকবেন।